গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
www.ctgcollege.gov.bd
ctgcollege@yahoo.com
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

# ২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

তারিখ : ০৩.১১.২০২৫

চট্টগ্রাম কলেজের অনার্স ৩য় বর্ষের শিক্ষার্থী এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ০১.১১.২০২৫ খ্রি. তারিখের জাতীঃবিঃ/পনি/অনার্স ৩য় বর্ষ / বিজ্ঞপ্তি / ২০২৩/২০২৫/১৭৩৭ নং স্মারকের প্রেক্ষিতে ২০২৪ সালের ৩য় বর্ষ অনার্স নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন শিক্ষার্থীদের ফরম পূরণ ২৬.১০.২০২৫ থেকে আরম্ভ হয়েছে। এই প্রেক্ষিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে ফরম সংগ্রহ করে উপায় / রকেট / বিকাশ / সোনালী ই-ওয়ালেট অ্যাপস মাধ্যমে নিম্নবর্ণিত ফি আগামী ০৯.১১.২০২৫ খ্রি. থেকে ১৩.১১.২০২৫ খ্রি. তারিখের মধ্যে বর্ণিত সময়সূচি অনুযায়ী ফরম পূরণের কাজ সম্পন্ন করতে পারবে।

| ক্রমিক নং | বিষয়ের নাম | ফি এর পরিমাণ | পূরণকৃত ফরম স্ব-স্ব বিভাগে শিক্ষার্থী কর্তৃক জমাদানের তারিখ | বিভাগ হতে আবেদন ফরম এন্ট্রি দিয়ে অফিসে ফি জমাদানের পিডিএফ কপি এবং আবেদন ফরম ও বিবরণী জমাদানের তারিখ |
|---|---|---|---|---|
| ১ | বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামিক শিক্ষা, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান ও অর্থনীতি | ৩২০০.০০ | ০৯.১১.২০২৫ হতে ১৩.১১.২০২৫ তারিখ | ১৬.১১.২০২৫ খ্রি. |
| ২ | পদার্থবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, ভূগোল, মনোবিজ্ঞান এবং গণিত | ৩৩৭৫.০০ | | |
| ৩ | রসায়নবিজ্ঞান | ৩৮৫০.০০ | | |
| ৪ | পরিসংখ্যান | ৪৫০০.০০ | | |
| ০৫ | এক বা একাধিক পত্র "F" গ্রেড পেয়ে অকৃতকার্য হলে তারা আবেদন ফরমের উল্লিখিত ফি এর সাথে ৫৫০/- (পাঁচশত) টাকা যোগ হবে | | | |
| ০৬ | অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে অন্যান্য ফি'র সাথে বিশেষ অন্তর্ভূক্তি ফি ৬০০/- (ছয়শত) টাকা বেশী প্রদান করতে হবে। | | | |

শিক্ষার্থীদের করণীয় :

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট এ গিয়ে পরীক্ষার্থীগণকে সচল মোবাইল নম্বর দিয়ে সিলেবাসে উল্লিখিত বিষয় কোড সঠিকভাবে নির্বাচন করে আবেদন ফরম সংগ্রহ করতে হবে এবং নিম্নে উল্লিখিত নিয়ম অনুসরণ করে নির্ধারিত সময়ের মধ্যে পরীক্ষার ফি জমা দিতে হবে।
- গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের আবেদন ফরম সংগ্রহের পর কলেজের ফরম পূরণ সংক্রান্ত ওয়েবসাইট **http://ctgcollege.eshiksabd.com** লিংকে গিয়ে ইউজার আইডি **ctgstudent** পাসওয়ার্ড **ctgstudent** লগইন করতে হবে। **Improvement Form fill-up** অপশনে গিয়ে বক্সে ক্লাস রোল / রেজিঃনম্বর দিয়ে ক্লিক করতে হবে এবং যে পত্রে ফরম পূরণ করবে সে পত্র নিজে এন্ট্রি দেয়ার পর নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণ করে ফি পরিশোধ করবে।
- কোন শিক্ষার্থী **Conditrional Promoted (C-Promoted)**থাকলে তাকে উপরোক্ত নিয়ম অনুসরণ করতে হবে এবং যে পত্রে ফরম পূরণ করবে **YES** দিয়ে সে পত্র কোড এন্ট্রি দেয়ার পর নির্ধারিত ফি'র অতিরিক্ত অন্তর্ভূক্তি ফি ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা প্রদান করতে হবে।
- ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের একা বা একাধিক কোর্সে গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীদেরকে ৫৫৫০/- (পাঁচ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা জমা দিতে হবে।

**ফি পরিশোধের নিয়মাবলী (সকল পরীক্ষার্থীর জন্য) :**
**রকেট / উপায় / বিকাশ / সোনালী ই-ওয়ালেড অ্যাপস লগইন করতে হবে :**

- এডুকশেন ফি সিলেক্ট করতে হবে।
- কলেজ ট্যাব করে Chittagong College সিলেক্ট করতে হবে।
- স্টুডেন্ট আইডি নম্বরের জায়গায় ১৩ ডিজিটের ক্লাস রোল নম্বর দিতে হবে এবং টাকার পরিমান চেক করে পরিশোধ করতে হবে।
- ফি জমাদানের রশিদ দুই কপি ডাউনলোড করে আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপিসহ বিভাগে জমা দিতে হবে।
- ***ফি এর পরিমান কম বা বেশী হলে সংশ্লিষ্ট বিভাগের দায়িত্ব প্রাপ্ত শিক্ষক বা কলেজ অফিসের ১০৪ নম্বর কক্ষে সংশ্লিষ্ট অফিস সহকারীর সাথে যোগাযোগ করতে হবে।***

**বিভাগের করণীয় :**

ক। বিভাগের অনার্স ৩য় বর্ষ পরীক্ষা-২০২৪ এ অংশগ্রহণের যোগ্য শিক্ষার্থীদের ক্লাসরোলনম্বর ও রেজিস্ট্রেশন নম্বরসহ নামের তালিকার হার্ডকপি আগামী ০৫.১১.২০২৫ খ্রি. তারিখ বিকাল ৩:০০ টার মধ্যে কলেজের সংশ্লিষ্ট শাখায় এবং সফটকপি কলেজের ইমেইল ctgcollege@yaoo.com এ প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

**খ। EMS সফটওয়্যারে সাথে সঠিকভাবে ফি'র পরিমান যাচাই করে আবেদন ফরম, পেমেন্টে স্লিপ, টাকা জমাদানের ফি এর বিবরণী এবং বিশ্ববিদ্যালয়ের ফরম পূরণের বিবরণী সংশ্লিষ্ট অফিস সহকারীর নিকট আগামী ১৬.১১.২০২৫ খ্রি. তারিখ বিকাল ৩:০০ টার মধ্যে জমা দেয়ার ব্যবস্থা গ্রহণ করবেন। ফরম পূরণের নিশ্চায়ন ও ফি'র পরিমান কম হলে সংশ্লিষ্ট বিভাগ দায়ী থাকবে।**

**(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)**
**আইডি নম্বর: ০০৮৫২৮**
**অধ্যক্ষ**
**চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম**

অনুলিপি :
১। উপাধ্যক্ষ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
২। সম্মানিত সকল বিভাগীয় প্রধান, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম। বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্টদের অবহিতকরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
৩। অফিস নথি।

**(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)**
**আইডি নম্বর: ০০৮৫২৮**
**অধ্যক্ষ**
**চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম**